


● বিদ্যালয়ের ক্রীড়া সংগঠন।

Management of sports and games in school

বিদ্যালয় হল সমাজের মূল প্রাণকেন্দ্র যার মধ্য দিয়ে শিক্ষার্থীরা তাদের অন্তর্নিহিত অস্তঃসত্ত্বার সুষ্ঠু বহিঃপ্রকাশে সমর্থ হয়। আর এই বিদ্যালয় শিক্ষা প্রতিষ্ঠানের মূল কেন্দ্র হল শিক্ষার্থী যার লক্ষ্য অজানাকে জানবার। শিক্ষার্থীর সার্বিক বিকাশ সাধনের উদ্দেশ্যে বিদ্যালয় ক্রীড়া সংগঠনের উদ্দেশ্য হল শিক্ষার্থীকে তার সামর্থ্য অনুসারে উপযুক্ত সুযোগ দানের মধ্য দিয়ে তার আকাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে দেওয়া। বিদ্যালয় স্তরে ক্রীড়ার মান উন্নয়নের জন্য অনুকূল ও উপযুক্ত সংগঠন ও প্রশাসন সাফল্যের অন্যতম শর্ত। এর জন্য দরকার প্রধান শিক্ষক, যোগ্য শারীর শিক্ষক ও অন্যান্য অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক, শিক্ষার্থীদের আগ্রহ, অভিভাবক, স্থানীয় ছাত্র যুব সমাজ ও আঞ্চলিক সামাজিক প্রভৃতি প্রতিষ্ঠানের সহায় সাহায্য। তবে সর্বোপরি শারীর শিক্ষার পাঠন, ক্রীড়া পরিচালনা ও ব্যবস্থাপনার গুরুদায়িত্ব ভার বিদ্যালয়ের শারীর শিক্ষকের উপর ন্যস্ত থাকে।

বিদ্যালয় স্তরে সাংগঠনিক কাঠামো নিম্নরূপ :



● মহাবিদ্যালয়ের ক্রীড়া সংগঠন।


Management of sports and games in school.

সামগ্রিকভাবে ক্রীড়ার মান ও ক্রীড়া ব্যবস্থার উন্নতিকল্পে প্রতিটি মহাবিদ্যালয়ের সংগঠন ও পরিচালন ব্যবস্থাকে শক্তিশালী করার উদ্দেশ্যে এবং ক্রীড়া প্রতিভা সৃষ্টির লক্ষ্যে মহাবিদ্যালয়গুলিতে ক্রীড়া সংগঠন তৈরি করা হয়। যার সর্বোচ্চ দায়িত্বভার মহাবিদ্যালয়ে অধ্যক্ষের উপর অর্পিত হয়।

মহাবিদ্যালয়ে সমস্ত বিভাগীয় শিক্ষার্থীদের ক্রীড়া প্রতিভা ও দক্ষতা নির্ণয়ের উদ্দেশ্যে ও তার সুষ্ঠু প্রশাসনিক পরিচালনার জন্য মহাবিদ্যালয় স্তরে ক্রীড়া সংগঠনের ভূমিকা অনস্বীকার্য।

মহাবিদ্যালয়ের ক্রীড়া পরিকাঠামো অনুসারে অন্তঃমহাবিদ্যালয় প্রতিযোগিতার মাধ্যমে দক্ষ ক্রীড়াবিদ বাছাই করে বিশ্ববিদ্যালয় প্রতিযোগিতা স্তরে ক্রীড়াবিদদের পৌঁছে দেওয়াই মহাবিদ্যালয় ক্রীড়া সংগঠনের অন্যতম উদ্দেশ্য।

নিম্নে মহাবিদ্যালয়ের শারীর শিক্ষা সংগঠনের ছক দেওয়া হল :



● বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া সংগঠন।

Management of sports and games in University.

শারীর শিক্ষার উন্নতির জন্য ও বিশ্ববিদ্যালয় স্তরে বিশ্ববিদ্যালয় ক্রীড়া সংগঠন ও পরিচালন ব্যবস্থাকে অধিক শক্তিশালী ও সক্রিয় করার উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় স্তরে ক্রীড়া সংগঠন তৈরি করা হয় যার উদ্দেশ্য দক্ষ ক্রীড়া প্রতিভা অন্বেষণ করা। ক্রীড়াবিশেষজ্ঞ ও ক্রীড়াবিদদের নিয়ে মূলত ক্রীড়া সংগঠন তৈরি হয়। বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের উপর এই সংগঠনের প্রধান দায়িত্ব অর্পিত থাকে। প্রতিটি বিশ্ববিদ্যালয় তার অন্তর্ভুক্ত মহাবিদ্যালয়গুলি থেকে অন্তঃমহাবিদ্যালয় প্রতিযোগিতার মধ্য দিয়ে দক্ষ খেলোয়াড় বাছাই করে তাদেরকে অন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা স্তরে যাবার সুযোগ করে দেয় এবং দক্ষ খেলোয়াড়দের প্রশংসাপত্র সাম্মানিক হিসাবে দেয়।

নিম্নে বিশ্ববিদ্যালয়ের শারীর শিক্ষা সংগঠনের ছক দেওয়া হল :

